NYC Housing Connect

Income Guide

সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আবেদন করা:

# আবেদনকারীর আয় সংক্রান্ত নির্দেশিকা



## এই নির্দেশিকা সম্বন্ধে

আপনার ***আয়*** হল সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আপনার আবেদনের একটি গুরুত্বপূর্ণ অংশ।

সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আপনার আয় কীভাবে হিসাব করা হয় তা এই নির্দেশিকায় দেয়া আছে।

আপনি অ্যাপার্টমেন্ট পাবেন কিনা তা এখান থেকে জানতে পারবেন না। তবে এটা আপনাকে আপনার আয়ের সম্বন্ধে সঠিক উত্তর পেতে সাহায্য করতে পারে।

***আপনার যোগ্যতা সুনিশ্চিত করার জন্য আপনাকে যদি একটি অ্যাপয়েন্টমেন্টে আমন্ত্রণ করা হয়***, তাহলে আপনার আবেদনের সব তথ্যের সত্যতা প্রতিপাদনের জন্য আপনাকে নথিপত্র নিয়ে আসতে হবে।

***বাঁকানো মোটা হরফের*** শব্দগুলি 10 পাতায়, “সহায়ক পরিভাষা”-এ ব্যাখ্যা করা হয়েছে।

**ভিতরে:**

**আয় কী?** ____ 2
**কোন আয়টি অন্তর্ভুক্ত?** ____ 3
**কর্মসংস্থান থেকে আয়** ____ 4
**স্বনিযুক্তি থেকে আয়** ____ 5
**অন্যান্য উৎস থেকে আয়** ____ 7
**যে আয়গুলি অন্তর্ভুক্ত নয়** ____ 8
**প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী** ____ 9
**সহায়ক পরিভাষা** ____ 10

*দাবিত্যাগ: এই নথির উদ্দেশ্য হল শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান করা। বিষয়বস্তুর ভিত্তি হল HUD অকুপেন্সি হ্যান্ডবুক 4350.3 এবং HPD ও HDC মার্কেটিং গাইডলাইন্স। আয়ের উদাহরণগুলিতে সব সম্ভাব্য আর্থিক পরিস্থিতিগুলির বর্ণনা করা নেই।*

# আয় কী?

**আপনি কি এখান থেকে অর্থ পান...**

- একটি চাকরি, বা একাধিক চাকরি?
- নিজের জন্য কাজ করছেন?

  *উদাহরণ: ট্যাক্সি চালক, হেয়ার স্টাইলিস্ট, ফ্রিল্যান্স আর্টিস্ট*
- অন্যান্য উৎস, ***নিয়মিত ভিত্তিতে***?

  *উদাহরণ: শিশু সহায়তা (চাইল্ড সাপোর্ট), বেকার ভাতা, সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (supplemental security income, SSI), পেনশন*

এই অর্থটি হল আপনার ***আয়***। ***সামর্থ্যের মধ্যে আবাসনের*** জন্য আবেদন করতে হলে আপনার কত আয় পাওয়া উচিত তা আপনার জানা প্রয়োজন।

**আয় হিসাব করার ধাপগুলি:**

**1** **আপনার আয়ের সবগুলি উৎস সনাক্ত করুন।**



**কর্মসংস্থান** থেকে আয় (পৃ.4)



**স্ব-নিযুক্তি** থেকে আয় (পৃ.5)



**অন্যান্য উৎস** থেকে আয় (পৃ.7)

**2** **পারিশ্রমিককে বার্ষিক মোট আয়ে রূপান্তরিত করুন।***



কর ও অন্যান্য কেটে নেওয়া অর্থগুলি বাদ দেওয়ার আগে একজন নিয়োগকর্তার থেকে ঘন্টা প্রতি পারিশ্রমিক



***পে স্টাবের মোট আয়*** (সাপ্তাহিক, প্রতি দুই সপ্তাহ অন্তর, ইত্যাদি ভিত্তিতে পরিশোধিত)

**স্ব-নিযুক্তি থেকে অর্জিত আয়কে **নীট আয়** হিসেবে গণনা করা উচিত, এটা হল ব্যবসা ও অন্যান্য খরচগুলি বাদ দেওয়ার পরের অর্থরাশি।*

**3** **আপনার সর্বমোট *বার্ষিক আয়* হিসাব করার জন্য সবগুলি উৎস থেকে আয়কে যোগ করুন।**

**আপনি বিভিন্ন উপায়ে আয় করতে পারেন।**

কিছু উদাহরণ:

- প্রতি 2 সপ্তাহ অন্তর বেতনের চেক
- প্রতি শিফ্টে নগদ বখশিস
- যে কোনো ধরনের সাপ্তাহিক বা মাসিক অর্থপ্রদান, যেমন চাইল্ড সাপোর্ট, পেনশন বা বেকার ভাতা
- প্রতি বছর হলিডে বোনাস

**আয়কে বিভিন্ন নামে উল্লেখ করা হতে পারে।**

কিছু উদাহরণ:

- বেতন
- পারিশ্রমিক
- উপার্জন
- অর্থপ্রদান

এই সব অর্থই হল ***আয়***। সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আপনার আবেদনে আপনাকে এটিকে অন্তর্ভুক্ত করতে হবে। আপনি যদি সামর্থ্যের মধ্যে আবাসনের ***আপনার যোগ্যতা সুনিশ্চিত করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টে*** যান তাহলে আপনার আয় সুনিশ্চিত করার জন্য আপনাকে নথিপত্র নিয়ে আসতে হবে।

**মনে রাখবেন**

এই পুরো নির্দেশিকা জুড়ে আপনি ***বাঁকানো মোটা হরফে*** দেওয়া শব্দগুলি সম্বন্ধে আরো তথ্য পেতে পারেন পৃ.10 এ, "সহায়ক পরিভাষা"-এ।

**কোন আয়গুলি অন্তর্ভুক্ত?**

# কোন আয়গুলি অন্তর্ভুক্ত?

**সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আবেদনে 3 টি প্রধান ধরনের আয় আছে।**

### 1. কর্মসংস্থান থেকে আয়



একজন নিয়োগকর্তা আপনাকে যে অর্থ দেন। বখশিস, বোনাস, ওভারটাইম ও অন্যান্য ধরনের অর্থ এর অন্তর্ভুক্ত। আপনি যদি W-2 ট্যাক্স ফর্ম পান, তাহলে সেই অর্থ ***কর্মসংস্থান থেকে আয়।***

কর বা অন্যান্য অর্থ বাদ দেওয়ার আগের অর্থরাশিকে **(*মোট আয়*) আবেদনে অন্তর্ভুক্ত করুন।**

**উদাহরণ স্বরূপ:**

- বার্ষিক বেতন
- পারিশ্রমিক, নগদ সহ, যা ***নিয়মিত ভিত্তিতে*** প্রদান করা হয়
  *উদাহরণ: সাপ্তাহিক • প্রতি 2 সপ্তাহ অন্তর • এক মাসে দু'বার • মাসিক*
- একজন নিয়োগকর্তার জন্য ***মাঝেমধ্যে বা ঘটনাপর্বে কাজ করা***
  *উদাহরণ: একটি ক্যাটারিং কোম্পানির জন্য সপ্তাহান্তের কাজ • একটি হাসপাতাল বা এজেন্সির জন্য প্রতিদিনের মজুরিতে (দৈনিক) স্বাস্থ্য পরিচর্যার কাজ*
- মরসুমি কাজ
  *উদাহরণ: ছুটির মরসুমে রিটেল • একটি রুফিং কোম্পানির জন্য গ্রীষ্মকালীন কাজ*
- বখশিস
- ছুটিকালীন বেতন
- ওভারটাইম
- আপনি নিয়মিত ভিত্তিতে যে বোনাস ও কমিশনগুলি পান

### 2. স্বনিযুক্তি থেকে আয়



আপনি নিজের জন্য কাজ করা, ফ্রিল্যান্সিং বা স্বাধীন ঠিকাদার হওয়ার মাধ্যমে এক বছরে যে সব অর্থ পান।

ব্যবসার খরচ ও অন্যান্য কেটে নেওয়া অর্থগুলি বাদ দেওয়ার পরের অর্থরাশিটি **(*নীট আয়*) আবেদনে অন্তর্ভুক্ত করুন।**

**উদাহরণ স্বরূপ:**

- আপনার ট্যাক্স রিটার্নে "ব্যবসায়িক আয় (বা ক্ষতি)"
- আপনার নিজের ব্যবসার মালিকানা থেকে আয়
- ফ্রিল্যান্সিং
  *উদাহরণ: গ্রাহকদের দ্বারা সরাসরি অর্থ পরিশোধ করা লেখক বা শিল্পী*
- একজন স্বাধীন ঠিকাদার বা পরামর্শদাতা হওয়া
- একজন স্বাধীন পরিষেবা প্রদানকারী হওয়া
  *উদাহরণ: ট্যাক্সি চালক যিনি গাড়ির মালিক/ভাড়ায় চালান • হেয়ার স্টাইলিস্ট যিনি একটি স্যালনে জায়গা ভাড়া নেন*
- নিজের জন্য মরসুমি বা মাঝেমধ্যে কাজ করা
  *উদাহরণ: মালিকের দ্বারা সরাসরি অর্থ পরিশোধ করা হাউস ক্লিনার • গ্রীষ্মকালে আপনার নিজের ক্যাটারিং ব্যবসা চালানো*

### 3. অন্যান্য উৎস থেকে আয়



আপনি এক বছরে যে সব অর্থ পান, যা নিয়মিত ভিত্তিতে প্রদান করা হয়, কিন্তু কাজ করার থেকে নয়। উদাহরণ স্বরূপ: চাইল্ড সাপোর্ট, সামাজিক সুরক্ষা, বেকারত্ব বিমা, বা সুদের অর্থপ্রদান।

অন্যান্য উৎস থেকে আয়কে শুধু তখনই আবেদনে অন্তর্ভুক্ত করুন যদি আপনি তা ***নিয়মিত ভিত্তিতে পান*** (সাপ্তাহিক, মাসিক, বার্ষিক ইত্যাদি)।

**উদাহরণ স্বরূপ:**

- খোরপোশ
- অ্যানুইটি অর্থপ্রদান
- আর্মড ফোর্সেস রিজার্ভ
- চাইল্ড সাপোর্ট
- ডিভিডেন্ড
- অক্ষমতা বিমা
- ***উপহার থেকে আয়***
- ***সম্পত্তি থেকে সুদ***
- পেনশন
- পাব্লিক অ্যাসিস্টেন্স বা সরকারী সহায়তা (PA)
- ভাড়ার সম্পত্তি থেকে আয়
- সামাজিক সুরক্ষা বা SSI
- বেকার ভাতা
- ওয়েলফেয়ার অ্যাসিস্টেন্স
- কর্মীর ক্ষতিপূরণ

**কর্মসংস্থান থেকে আয়**

# 1. কর্মসংস্থান থেকে আয়



***কর্মসংস্থান থেকে আয়*** হল সেই অর্থ যা আপনি একটি চাকর থেকে আয় করেন। এটা হল সেই অর্থ যা একজন নিয়োগকর্তা আপনাকে প্রদান করেন, কর ও অন্যান্য কেটে নেওয়া অর্থগুলি বাদ দেওয়ার আগে (***মোট আয়***)। একটি পুরো বছরের জন্য অর্থরাশিকে আপনার আবেদনে অন্তর্ভুক্ত করুন (***বার্ষিক আয়***)। আপনার নিজের ব্যবসার মালিকানার থেকে আয়কে অন্তর্ভুক্ত করা সম্বন্ধে জানতে, পৃ. 5, "স্ব-নিযুক্তি থেকে আয়"-*এ যান।*

**আপনার, অথবা আপনি যে মানুষদের সঙ্গে বাস করেন তাদের কি এখান থেকে কোনো আয় আছে...?**

- ☐ বার্ষিক বেতন
- ☐ ঘন্টা প্রতি, দৈনিক বা সাপ্তাহিক পারিশ্রমিক
- ☐ নগদে অর্থ পাওয়া
- ☐ বখশিস
- ☐ একজন নিয়োগকর্তার জন্য ***মাঝেমধ্যে বা ঘটনাপর্বে কাজ করা***
  *উদাহরণ: একটি ক্যাটারিং কোম্পানির জন্য কাজ • একটি হাসপাতাল বা এজেন্সির জন্য প্রতিদিনের মজুরিতে (দৈনিক) স্বাস্থ্য পরিচর্যার কাজ*
- ☐ মরসুমি কাজ
  *উদাহরণ: ছুটির মরসুমে রিটেল • একটি রুফিং কোম্পানির জন্য গ্রীষ্মকালীন কাজ*
- ☐ ছুটিকালীন বেতন, ওভারটাইম, বোনাস বা কমিশন

এগুলি হল ***কর্মসংস্থান থেকে আয়ের উৎস।*** আপনি যদি এগুলির মধ্যে কোনোটিতে হ্যাঁ বলে থাকেন, তাহলে আপনার আবেদনের "কর্মসংস্থান থেকে আয়" অংশে অর্থরাশিগুলি অন্তর্ভুক্ত করুন।

### বার্ষিক আয় কীভাবে হিসাব করতে হয়

আপনার সবগুলি আয়কে একটি বার্ষিক বা বাৎসরিক সমষ্টিতে যোগ করা গুরুত্বপূর্ণ। আপনাকে যদি নিয়মিতভাবে অর্থপ্রদান করা হয় (যেমন সাপ্তাহিক, প্রতি 2 সপ্তাহ অন্তর, মাসে দু'বার ইত্যাদি) তাহলে আপনার বার্ষিক আয় হিসাব করার জন্য আপনাকে এই গুরুত্বপূর্ণ ধাপগুলি অবশ্যই নিতে হবে। *দ্রষ্টব্য: আপনি যদি অনলাইনে NYC হাউজিং কানেক্টে অনলাইনে আবেদন করেন, তাহলে আপনাকে এই হিসাব করতে হবে না। আপনি আপনার প্রোফাইলে আয়ের তথ্য ভর্তি করার সাথে সাথে এটা আপনা থেকে ঘটে।*



**বিকল্প 1: ঘন্টা প্রতি পারিশ্রমিককে বার্ষিক আয়ে রূপান্তরিত করুন:**

আপনি 1 ঘন্টার জন্য যত **$** পান

আপনি সাধারণত 1 সপ্তাহে যত **# ঘন্টা** কাজ করেন

**X** আপনি সাধারণত 1 বছরে **# সপ্তাহ** কাজ করেন

**= বার্ষিক আয়**

**বিকল্প 2: নিয়মিত ভিত্তিতে প্রদান করা পারিশ্রমিকগুলিকে বার্ষিক আয়ে রূপান্তরিত করুন।**



আপনি কত ঘন ঘন অর্থ পান?


- **প্রতি সপ্তাহ:**
  প্রতি সপ্তাহে প্রদান করা $ x 52 = বার্ষিক আয়
- **প্রতি 2 সপ্তাহ অন্তর:**
  প্রতি 2 সপ্তাহে প্রদান করা $ x 26 = বার্ষিক আয়
- **মাসে দু'বার:**
  প্রতি মাসে দু'বার প্রদান করা $ x 24 = বার্ষিক আয়
- **মাসে একবার:**
  প্রতি মাসে প্রদান করা $ x 12 = বার্ষিক আয়

**মনে রাখবেন**

কর্মসংস্থান থেকে আয় কর ও অন্যান্য কেটে নেওয়া অর্থগুলি বাদ দেওয়ার আগে হবে। (একে বলা হয় ***মোট আয়***). আপনাকে পুরো বছরের জন্য প্রত্যেক নিয়োগকর্তার জন্য মোট আয়কে অন্তর্ভুক্ত করতে হবে।

**স্ব-নিযুক্তি থেকে আয়**

# 2. স্ব-নিযুক্তি থেকে আয়



***স্ব-নিযুক্তি থেকে আয়*** হল সেই সব অর্থ যা আপনি নিজের জন্য কাজ করা, ফ্রিল্যান্সিং, বা স্বাধীন ঠিকাদার হওয়ার মাধ্যমে এক বছরে আয় করেন। আপনার আবেদনে পুরো বছরের জন্য অর্থরাশিটি অন্তর্ভুক্ত করুন, ব্যবসার খরচ বিয়োগ করুন (***নীট আয়***)। আপনি যদি প্রতি বছর একই অর্থ আয় না করেন, তাহলে পরের পাতায় যান "স্বনিযুক্তি থেকে বার্ষিক আয়ের আনুমানিক হিসাব করা।"

**আপনি, অথবা আপনি যে মানুষদের সঙ্গে বাস করেন তারা কি...?**

- ☐ 1099 ট্যাক্স ফর্ম পান
- ☐ আপনার নিজের ব্যবসার মালিক
- ☐ স্বাধীন পরিষেবা প্রদানকারী হিসেবে কাজ করেন
  *উদাহরণ: ট্যাক্সি চালক যিনি গাড়ির মালিক/ভাড়ায় চালান*
  *• হেয়ার স্টাইলিস্ট যিনি একটি স্যালনে জায়গা ভাড়া নেন*
- ☐ ফ্রিল্যান্স কাজ করেন
  *উদাহরণ: শিল্পী, লেখক বা গ্রাফিক ডিজাইনার যাকে গ্রাহকরা সরাসরি অর্থপ্রদান করেন*
- ☐ পরামর্শদাতা বা স্বাধীন ঠিকাদার হিসেবে কাজ করেন
  *উদাহরণ নিচে*
- ☐ <u>নিজের জন্য কাজ করেন</u> মাঝেমধ্যে বা মরসুমি ভিত্তিতে?
  *উদাহরণ: হাউস ক্লিনার যাকে মালিক সরাসরি অর্থপ্রদান করেন • বেবিসিটার যাকে পরিবারটি সরাসরি অর্থপ্রদান করেন • গ্রীষ্মকালে আপনার নিজের ক্যাটারিং ব্যবসা চালান*

এগুলি হল ***স্বনিযুক্তি থেকে আয়***-এর উৎস আপনি যদি এগুলির মধ্যে কোনোটিতে হ্যাঁ বলে থাকেন, তাহলে আবেদনের নিয়োগকর্তা অংশটিতে "স্বয়ং" লিখুন এবং নীট আয়ের পরিমাণ জানান।

**স্বনিযুক্তি থেকে নীট আয় কীভাবে হিসাব করতে হয়**

1. এক বছরে আপনার ব্যবসায় যে মোট অর্থ আসে তা দিয়ে শুরু করুন। (আপনার 1099 ট্যাক্স ফর্ম-এ এটা হল "মোট প্রাপ্ত।")
2. ব্যবসার খরচ ও অন্যান্য কেটে নেওয়া অর্থ বিয়োগ করুন।
3. এটাই হল আপনার ***স্বনিযুক্তি থেকে নীট আয়***।



**স্বাধীন ঠিকাদার বলতে কী বোঝায়?**

একজন ***স্বাধীন ঠিকাদার*** হলেন এমন একজন মানুষ, যাকে অন্যরা প্রয়োজন হলে একটি নির্দিষ্ট ধরনের কাজে নিয়োগ করেন। সাধারণত ঠিকাদার এবং যে ব্যক্তি তাকে নিয়োগ করছেন তাদের মধ্যে একটা চুক্তি বা কন্ট্র্যাক্ট থাকে।

**উদাহরণ: পেন্টার নিকোল**

নিকোল একজন পেন্টার এবং ***স্বাধীন ঠিকাদার*** হিসেবে কাজ করেন। রঙ করার ব্রাশ, মই ও অন্যান্য সামগ্রীগুলি তার নিজস্ব, এবং লোকেরা তাদের অ্যাপার্টমেন্ট রঙ করার তাকে নিয়োগ করেন। সে কারো জন্য পেন্ট করার প্রোজেক্ট শুরু করার আগে, তারা সম্মত হন যে তাকে প্রতি ঘণ্টায় কত অর্থ প্রদান করা হবে এবং তারা একটি চুক্তিতে সই করেন। নিকোল পেন্ট করার কাজ শেষ করার পরে তাকে জানায় যে সে কত ঘণ্টা কাজ করেছে এবং সেই ব্যক্তি তাকে একটি চেক লিখে দেন বা নগদ অর্থ দেন।

**মনে রাখবেন**

*আবেদনে স্ব-নিযুক্তি থেকে আয়কে ব্যবসা ও অন্যান্য খরচগুলি বাদ দেওয়ার <u>**পরের**</u> অর্থরাশি হিসেবে দেখানো উচিত। একে বলা হয় ***নীট আয়***।

## স্বনিযুক্তি থেকে বার্ষিক আয়ের আনুমানিক হিসাব

আপনি প্রতি বছর স্ব-নিযুক্তি থেকে একেবারে সমান পরিমাণ অর্থ আয় নাও করতে পারেন। এটা ঠিক আছে। এই ধাপগুলি ব্যবহার করে স্বনিযুক্তি থেকে আপনার বার্ষিক আয়ের আনুমানিক হিসাব করুন।

1. এই ধরনের স্বনিযুক্তি কাজের জন্য আপনার একটানা শেষ 3 বছরের ট্যাক্স রিটার্নের প্রয়োজন হবে।
   - *আপনার যদি 3 বছরের তথ্য না থাকে তাহলে টানা শেষ 2 বছরের তথ্য ব্যবহার করুন।*
2. ট্যাক্স রিটার্নে নীট লাভের পরিমাণগুলি দেখুন।
   - *ট্যাক্স রিটার্নে লাইন 12, "ব্যবসায়িক আয় (বা ক্ষতি)" দেখুন।*
   - *শিডিউল C ফর্মে লাইন 31, "নীট লাভ (বা ক্ষতি)" দেখুন।*
3. আপনি কি মনে করেন যে আপনি গত বছর যে পরিমাণ অর্থ আয় করেছিলেন প্রায় সেই একই পরিমাণ অর্থ এই বছরেও আয় করবেন? যদি হ্যাঁ হয়, তাহলে গড় হিসাব করুন এবং সেই অর্থরাশিটি আবেদনে অন্তর্ভুক্ত করুন। (কীভাবে গড় হিসাব করতে হয় তা জানতে নিচে দেখুন)
4. আপনি কি আশা করেন যে এই বছরের অর্থরাশি গত বছরগুলির থেকে ভিন্ন হবে? যদি হ্যাঁ হয়, তাহলে আপনি এই বছর যে অর্থ আয় করার আশা করেন তা অন্তর্ভুক্ত করুন।
5. আপনি যদি কোনো বছরে অর্থ হারিয়ে থাকেন, তাহলে সেই বছরের জন্য $0.00 ব্যবহার করুন। ঋণাত্মক সংখ্যা ব্যবহার করবেন না। আরো তথ্যের জন্য নিচে "গড় সম্বন্ধে" দেখুন।
6. নিশ্চিত হয়ে নিন যে আপনি অতীতে যে পরিমাণ অর্থ আয় করেছেন তা দেখানোর জন্য (যেমন ট্যাক্স রিটার্ন) এবং আপনি এই বছরে যে পরিমাণ আয় করবেন বলে মনে করেন তা দেখানোর জন্য (যেমন আপনার অ্যাকাউন্টেন্ট বা বিজনেস ম্যানেজারের থেকে চিঠি, আর্থিক বিবৃতি, বাজেট, রসিদ বা অন্যান্য তথ্য) আপনার কাছে নথিপত্র আছে।

### উদাহরণ: ডেভিডের ক্যাটারিং



ডেভিড সপ্তাহের কর্মদিবসগুলিতে সরকারের জন্য কাজ করেন, কিন্তু কয়েক বছর আগে তিনি অতিরিক্ত অর্থ আয় করার জন্য গ্রীষ্মকালের সপ্তাহান্তের দিনগুলিতে ক্যাটারিং এর ব্যবসাও শুরু করেছিলেন। ব্যবসা বৃদ্ধি পাচ্ছে।

প্রতি বছর ডেভিডের ব্যবসা থেকে তার আগের বছরের চেয়ে একটু বেশি অর্থ আয় হয়।

- 3 বছর আগে ব্যবসা থেকে $5,000 আয় হয়েছিল।
- 2 বছর আগে এখান থেকে $7,000 আয় হয়েছিল।
- গত বছরে এখান থেকে $9,000 আয় হয়েছিল।

গত 3 বছরের প্রবণতার ভিত্তিতে ডেভিড আশা করেন যে তিনি এই বছরে ক্যাটারিং থেকে $11,000 আয় করবেন। তিনি আবেদনের যে অংশ স্বনিযুক্তি আয়ের পরিমাণ লেখেন সেখানে তার $11,000 লেখা উচিত। তিনি তার সরকারী চাকরি থেকে যে বেতন পান এটা তার অতিরিক্ত।

### গড় সম্বন্ধে

আপনি যদি মনে করেন যে আপনি গত 3 বছরে যে পরিমাণ অর্থ আয় করেছেন এই বছরেও সেই একই অর্থ আয় করবেন, তাহলে সেই বছরগুলির গড় গণনা করুন এবং আপনার আবেদনে এটা অন্তর্ভুক্ত করুন।

এইভাবে:

1. টানা গত 2 বা 3 বছরের ট্যাক্স রিটার্নে নীট লাভের পরিমাণ খুঁজে নিন।
2. সেই সব অর্থরাশিগুলি যোগ করুন।
   - *এর মধ্যে কোনো অর্থরাশি কি ঋণাত্মক (উদাহরণ: $ - 924.00)? যদি হ্যাঁ হয়, তাহলে সেই বছরের জন্য $0.00 ব্যবহার করুন।*
3. সেই সংখ্যাকে আপনি যতগুলি আয়ের অর্থরাশি দিয়ে শুরু করেছিলেন তা দিয়ে ভাগ করুন।
   - *আপনার যদি **3** বছরের অর্থরাশি থাকে তাহলে গড় গণনা করার জন্য সেই সংখ্যাকে 3 দিয়ে ভাগ করুন।*
   - *আপনার যদি **2** বছরের অর্থরাশি থাকে তাহলে গড় গণনা করার জন্য সেই সংখ্যাকে 2 দিয়ে ভাগ করুন।*
4. আপনার আবেদনের "স্বনিযুক্তি থেকে আয়" অংশে গড় লিখুন।

অন্যান্য উৎস থেকে আয়

# 3. অন্যান্য উৎস থেকে আয়



আপনার অথবা আপনার সঙ্গে বসবাস করা মানুষদের এমন আয় থাকতে পারে যা কোনো চাকরি বা স্বনিযুক্তি থেকে আসে না। আপনি যদি ***নিয়মিত ভিত্তিতে অন্যান্য উৎস থেকে আয় করেন,*** তাহলে আপনার আবেদনে তা অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

**আপনি অথবা আপনার সঙ্গে বসবাস করা কোনো ব্যক্তি কি নিয়মিত ভিত্তিতে নিচের উৎস থেকে আয় করেন...?**

*দ্রষ্টব্য: 18 বছরের কম বয়সী শিশুদের থেকে আয়কে অন্তর্ভুক্ত করুন*

- ☐ খোরপোশ
- ☐ অ্যানুইটি অর্থপ্রদান
- ☐ আর্মড ফোর্সেস রিজার্ভ
- ☐ চাইল্ড সাপোর্ট*
- ☐ অক্ষমতা বিমা
- ☐ বিতরণ (ডিস্ট্রিবিউশন)
- ☐ ডিভিডেন্ড
- ☐ ***উপহার***
  - ➤ *উদাহরণগুলি পরের পাতায় আছে*
- ☐ ***সম্পত্তি থেকে সুদ*** (যেমন ব্যাংক অ্যাকাউন্ট বা অন্যান্য বিনিয়োগ)
  - ➤ *আরো বিশদ তথ্য আছে পৃ.10-এ, "সহায়ক পরিভাষা"-এ*
- ☐ পেনশন
- ☐ সরকারী সহায়তা (PA)**
- ☐ ভাড়ার সম্পত্তি
  - ➤ *ভাড়ার সম্পত্তি থেকে নীট আয়টি ব্যবহার করুন*
- ☐ সামাজিক সুরক্ষা বা SSI
  - ➤ *প্রতি মাসের জন্য, অর্থ কেটে নেওয়ার আগের পুরো অর্থরাশিটি ব্যবহার করুন।*
- ☐ বেকারত্ব সুবিধা
- ☐ কর্মীর ক্ষতিপূরণ

এগুলি হল ***অন্যান্য উৎস থেকে আয়***-এর উদাহরণ। আপনি যদি এগুলির মধ্যে কোনোটিতে "হ্যাঁ" বলে থাকেন, তাহলে আপনার আবেদনের "অন্যান্য উৎস থেকে আয়" অংশে অর্থরাশিগুলি অন্তর্ভুক্ত করুন।

## মনে রাখবেন

- ***অন্যান্য উৎস থেকে আয়*** শুধুমাত্র তখনই অন্তর্ভুক্ত করুন যদি আপনি তা ***নিয়মিত ভিত্তিতে*** (পান, প্রতি দু'সপ্তাহ অন্তর, মাসিক বা বার্ষিক)। ***এককালীন অর্থপ্রদানগুলি*** অন্তর্ভুক্ত করবেন না।



- আপনি প্রতিটি উৎস থেকে একটি পুরো বছরে যে পরিমাণ অর্থ পাবেন তা আবেদনে অন্তর্ভুক্ত করুন। আপনি যদি পুরো এক বছরের জন্য অর্থ না পান তাহলেও এটা করুন।
  *উদাহরণ স্বরূপ: আপনি প্রতি সপ্তাহে বেকারত্ব অর্থপ্রদান পান, কিন্তু আপনি জানেন যে কয়েক মাস পরে এই অর্থ পাওয়া শেষ হয়ে যাবে। অর্থপ্রদান যদি শেষ না হয়, তাহলে আপনি এক বছরে মোট যত অর্থ পাবেন তা অন্তর্ভুক্ত করুন। নিয়মিত অর্থপ্রদান থেকে বার্ষিক আয় কীভাবে গণনা করতে হয় তা শিখতে পৃ.4 এ যান।*

** আপনি আদালতের আদেশ অনুযায়ী চাইল্ড সাপোর্ট ও সরকারী সহায়তা (PA)? পান প্রদত্ত চাইল্ড সাপোর্টের পুরো পরিমাণটি অবশ্যই অন্তর্ভুক্ত করুন। উদাহরণস্বরূপ, আপনি যদি "পাস-থ্রু" অর্থ পান, সেই ক্ষেত্রে চাইল্ড সাপোর্টের জন্য প্রদত্ত পুরো অর্থরাশিটি আপনার প্রতি মাসে পাওয়া অর্থের থেকে ভিন্ন হতে পারে।*
*** আপনার সরকারী সহায়তার আয়টি "যেমন প্রদত্ত" অঙ্গলগুলির জন্য নিয়মাবলী অনুযায়ী গণনা করা হবে। আপনি যদি **আপনার যোগ্যতা সুনিশ্চিত করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টে যান**, তাহলে নির্মাতা বা মার্কেটিং এজেন্ট এই সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার সব কাগজপত্র দেখবেন।*

### উপহার থেকে আয় কী?

আপনার সঙ্গে বাস করেন না এমন মানুষরা যদি আপনাকে ***নিয়মিত ভিত্তিতে*** অর্থ দেন অথবা বিল পরিশোধ করতে সাহায্য করেন, তাহলে এটা হল ***উপহার থেকে আয়।*** আপনার আয় গণনার ক্ষেত্রে আপনাকে এটা অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।




**উদাহরণ:**

- আপনার মা-বাবা প্রতি মাসে আপনার বিদ্যুতের বিল পরিশোধ করেন এবং প্রতি মাসে গড় হল প্রায় $100। আপনাকে আপনার আবেদনে আপনার আয়ে প্রতি মাসে $100 অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।
- একজন বন্ধু বা আত্মীয় আপনার খরচগুলির ক্ষেত্রে সাহায্য করার জন্য প্রতি সপ্তাহে আপনাকে $20 দেন। আপনাকে আপনার আবেদনে আপনার আয়ে প্রতি সপ্তাহে $20 অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

আপনাকে যদি ***আপনার যোগ্যতা সুনিশ্চিত করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টে*** আমন্ত্রণ জানানো হয়, তাহলে আপনি নিয়মিত ভিত্তিতে এই উপহার থেকে আয় করেন তা প্রমাণ করার জন্য আপনার নথিপত্রের প্রয়োজন হবে। উদাহরণস্বরূপ, নিশ্চিত হয়ে নিন যে নগদ অর্থপ্রদানগুলি আপনি সঙ্গে সঙ্গে আপনার ব্যাংক অ্যাকাউন্টে জমা করেন, যাতে আপনার ব্যাংক স্টেটমেন্টে দেখা যায় যে আপনাকে নিয়মিতভাবে অর্থপ্রদান করা হয়। অন্য কেউ আপনার হয়ে বিল পরিশোধ করেন, এটা আপনি তাদের বাতিল করা চেকের প্রতিলিপির সাহায্য প্রমাণ করতে পারেন।

*দ্রষ্টব্য: নিম্নলিখিতগুলি উপহার থেকে আয় <u>নয়</u> এবং আপনার আয়ের গণনায় অন্তর্ভুক্ত করা উচিত নয়: (1) আপনার পরিবারের শিশুদের জন্য মুদিখানার জিনিসের উপহার, (2) স্কুলে বিনামূল্যে বা কম দামে দুপুরের খাবারের মূল্য (3) বয়স্ক বা চাহিদাসম্পন্ন মানুষকে দেওয়া খাবারের মূল্য।*

# যে আয়গুলি অন্তর্ভুক্ত নয়



**কোনগুলিকে আয় হিসেবে অন্তর্ভুক্ত করা হয় তার কিছু ব্যতিক্রম আছে:**

- 18 বছরের কম বয়সী শিশুদের কর্মসংস্থান থেকে আয়
- 18 বছরের বেশি বয়সী পূর্ণ সময়ের জন্য নির্ভরশীল একজন ***ছাত্রের*** দ্বারা উপার্জন করা $480 এর বেশি যে কোনো আয়।
- থোক অর্থপ্রদান
  *উদাহরণ: বিমার অর্থপ্রদান • উত্তরাধিকার*
- এককালীন, পুনরাবৃত্ত নয় এমন, বা মাঝেমধ্যে হঠাৎ হওয়া আয় (***এককালীন উপহার সহ)***
- চিকিৎসার খরচ প্রদান বা পরিশোধ
- পালিত শিশুর পরিচর্যার জন্য অর্থপ্রদান
- শিক্ষার্থী বা শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদান করা শিক্ষার্থী সহায়তা
- ফুড স্ট্যাম্প বা SNAP-এর ডলার মূল্য
- আপনার পরিবারের শিশুদের জন্য মুদিখানার জিনিসের উপহার
- স্কুলে বিনামূল্যে বা কম দামে দুপুরের খাবারের মূল্য
- বয়স্ক বা চাহিদাসম্পন্ন মানুষকে দেওয়া খাবারের মূল্য

**এই জিনিসগুলিকে আপনার আয়ের গণনায় অন্তর্ভুক্ত করবেন না**

FAQs

# বারবার জিজ্ঞাসা করা প্রশ্নাবলী

**কর্মসংস্থান থেকে আয়**

**আমার *বার্ষিক আয়* নির্ণয় করা প্রয়োজন কেন? আমি গত বছর যা আয় করেছিলাম শুধু সেটাই কি উল্লেখ করতে পারি না?**

আপনি এবং আপনি যাদের সঙ্গে বাস করেন তারা ভবিষ্যতে কত অর্থ আয় করবেন তার ভিত্তিতেই ***যোগ্য*** বিবেচিত হবেন। গত বছরের ট্যাক্সের কাগজপত্র দেখা একটা ভাল ধারণা, কিন্তু এটা যথেষ্ট নয়। প্রতিটি বছর আলাদা। সেই কারণে আপনাকে অবশ্যই সেই রাশিটি উল্লেখ করতে হবে যা আপনি বর্তমানে আয় করেন এবং আপনাকে কত ঘন ঘন অর্থপ্রদান করা হয়। আর সেই জন্য আপনি ***নিয়মিত ভিত্তিতে*** যে বোনাস পেয়েছেন বা পাওয়ার আশা করেন এবং ***অন্যান্য উৎস থেকে আয়গুলি*** আপনাকে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

**আমার প্রাপ্তবয়স্ক মেয়ে পূর্ণ সময়ের ছাত্রী এবং সে স্কুলের পরে কাজ করে। তার আয় কি অন্তর্ভুক্ত?**

যদি 18 বছরের বেশি বয়সের একজন পূর্ণ সময়ের শিক্ষার্থীকে তার মা-বাবা বা অভিভাবক নির্ভরশীল হিসেবে দাবি করেন, তাহলে ***কর্মসংস্থান থেকে আয়ের*** মাত্র $480-কেই আয় হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

**আমি নগদ অর্থ পাই। আমি কীভাবে এটাকে আমার আয় হিসেবে প্রমাণ করতে পারি?**

নগদ অর্থ আয়ের একটা রেকর্ড রাখা গুরুত্বপূর্ণ। আপনি যতবার নগদ অর্থ পান, সেই অর্থের পরিমাণ, তারিখ এবং কে আপনাকে অর্থ দিয়েছিলেন তা লিখে রাখুন। নগদ অর্থ প্রদানের এই রেকর্ডটি একটি সুরক্ষিত স্থানে রাখুন।

আপনার যদি ব্যাংক অ্যাকাউন্ট থাকে তাহলে সঙ্গে সঙ্গে নগদ অর্থ জমা দিন। ব্যাংকের কাছে যাতে রেকর্ড থাকে যে আপনাকে নিয়মিতভাবে অর্থপ্রদান করা হয়েছিল, সেই জন্য এটা করা উচিত। আপনাকে যদি আবারও ব্যাংক থেকে অর্থ তুলে নিতে হয় তাতে কোনো সমস্যা নেই। তবুও আপনার ব্যাংক স্টেটমেন্টে জমা অর্থ দেখা যাবে।

<u>মনে রাখবেন:</u> আপনি যদি একটি নির্দিষ্ট পরিমাণের বেশি নগদে আয় করেন, তাহলে আপনাকে অবশ্যই আপনার ট্যাক্স রিটার্নে তা জানাতে হবে। আপনার ট্যাক্সের ফর্মগুলি জানাবে যে সেই পরিমাণটা কত।

**আমি *মাঝেমধ্যে বা ঘটনাপর্বে* অর্থ পাই। আমি কীভাবে আমার আয় হিসাব করব?**

আপনি যদি ***নিয়মিত ভিত্তিতে*** অর্থ না পান তাহলে আপনার বার্ষিক আয় হিসাব করা কঠিন হতে পারে। অতিরিক্ত অর্থ আয় করার জন্য কিছু সপ্তাহের শেষের দিনগুলিতে একটি ক্যাটারারের হয়ে কাজ করা, প্রতিদিনের পারিশ্রমিকের (দৈনিক) ভিত্তিতে স্বাস্থ্য পরিচর্যার কাজ, অস্থায়ী চাকরি ও অভিনয়ের কাজ হল মাঝেমধ্যে বা ঘটনাপর্বে কাজের কিছু উদাহরণ যা আপনি একজন নিয়োগকর্তার জন্য করেন।

আপনি কি 3 গত বছরে মাঝেমধ্যে বা ঘটনাপর্বে কাজের ভিত্তিতে আয় করেছেন? যদি হ্যাঁ হয়, আপনি গত তিন বছরে যে আয় করেছেন তা যোগ করুন এবং যোগফলকে 3 দিয়ে ভাগ করুন। এই সংখ্যাটি হল সেই কাজ থেকে আপনার গড় বার্ষিক আয়। তারপরে অনুমান করুন যে সেই একই ধরনের কাজ থেকে আপনি এই বছরে কত আয় করবেন। সেই সংখ্যাকে আপনার বার্ষিক গড়ের সাথে তুলনা করুন। কোনটা বেশি? আপনার আবেদনের “কর্মসংস্থান থেকে আয়” বিভাগে সেই বেশি সংখ্যাটি ব্যবহার করুন।

**আমি আবেদন করার পরে যদি আমার আয়ের পরিবর্তন হয় এবং তারপরে আমাকে *আমার পরিবারের যোগ্যতা সুনিশ্চিত করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টে* আমন্ত্রণ জানানো হয় তাহলে কী হবে?**

সব কাগজ ও নথিপত্র রেখে দিন যা এখন আপনার আয়ের সত্যতা প্রমাণ করে। যদি আপনার আয় পরিবর্তিত হয় (উদাহরণস্বরূপ, একটা নতুন চাকরি বা বেতন বৃদ্ধি), তাহলে আপনি ভবিষ্যতে কত আয় করবেন তা দেখায় এমন কাগজপত্রও নিয়ে আসবেন। নির্মাতা বা মার্কেটিং এজেন্ট আপনার আয় আবার হিসাব করবেন।

**স্বনিযুক্তি থেকে আয়**

**আমাকে সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য *আমার পরিবারের যোগ্যতা সুনিশ্চিত করতে একটি অ্যাপয়েন্টমেন্টে* আমন্ত্রণ জানানো হয়েছে। আমার স্বনিযুক্তি আয়ের প্রমাণ দেওয়ার জন্য আমার কী কী নথিপত্রের প্রয়োজন হবে?**

আপনাকে সুনিশ্চিত করতে হবে যে আপনি এই ধরনের কাজ থেকে অতীতে কত অর্থ আয় করেছেন এবং এই বছরে কত অর্থ আয় করার আশা করেন। এই ধরনের স্বনিযুক্তি কাজের জন্য আপনার একটানা শেষ 3 বছরের ট্যাক্স রিটার্নের প্রয়োজন হবে। আপনার যদি 3 বছরের তথ্য না থাকে তাহলে টানা শেষ 2 বছরের তথ্য ব্যবহার করুন।

নিশ্চিত হয়ে নিন যে আপনি অতীতে যে পরিমাণ অর্থ আয় করেছেন তা দেখানোর জন্য (যেমন ট্যাক্স রিটার্ন) এবং আপনি এই বছরে যে পরিমাণ আয় করবেন বলে মনে করেন তা দেখানোর জন্য (যেমন আপনার অ্যাকাউন্টেন্ট বা বিজনেস ম্যানেজারের থেকে চিঠি, আর্থিক বিবৃতি, বাজেট, রসিদ বা অন্যান্য তথ্য) আপনার কাছে নথিপত্র আছে।

**আমি যদি 2 বছরের কম সময়ের জন্য একটি নির্দিষ্ট ধরনের কাজে স্বনিযুক্ত থাকি তাহলে?**

আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় পর্যন্ত আপনি 2 বছর বা তার বেশি সময়ের জন্য এই ধরনের কাজে স্বনিযুক্ত আছেন তা দেখায় এমন নথিপত্র প্রয়োজন হবে। আপনি যদি টানা গত 2 বছর থেকে এই তথ্য প্রদানে অসমর্থ হন তাহলে এই সম্ভাবনা বেশি যে আপনি যোগ্য বিবেচিত হবেন না।

আপনি যদি মনে করেন যে এটাই বাস্তব, এমন কি তাহলেও আপনাকে আবেদনে আপনার ***স্বনিযুক্তি থেকে নীট আয়*** অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। কোনো আয় বাদ দেবেন না। আপনার নম্বরটি লটারিতে উঠেছে কিনা তা শোনার জন্য কয়েক মাস অপেক্ষা করতে হতে পারে, তাই এটা সম্ভব যে আপনার সেই মুহূর্তে 2 বছরের স্বনিযুক্তি আয় থাকবে। এই ধরনের স্বনিযুক্তি থেকে আপনি ইতিমধ্যেই কত পরিমাণ আয় করেছেন এবং এই বছরে কত আয় করবেন তা দেখায় এমন কাগজপত্রগুলি অবশ্যই অ্যাপয়েন্টমেন্টে নিয়ে আসবেন।

**সহায়ক পরিভাষা**

# সহায়ক পরিভাষা

**সামর্থ্যের মধ্যে আবাসন:** একটি নির্দিষ্ট পরিমাণের চেয়ে কম আয় করেন এমন মানুষদের জন্য নিউ ইয়র্ক সিটির আবাসন। বৈশিষ্ট্যসূচকভাবে, আবাসনকে "সামর্থ্যের মধ্যে" বলা হয়, যদি একজন ব্যক্তি ভাড়া বা আবাসনের খরচগুলির জন্য তার আয়ের প্রায় তিন ভাগের এক ভাগ পরিশোধ করেন।

**বার্ষিক আয়:** এক বছরে আপনাকে যে পরিমাণ অর্থ দেওয়া হয়, যা কর্মসংস্থান, স্বনিযুক্তি থেকে নীট আয় এবং অন্যান্য উৎসের আয় থেকে মোট আয় থেকে গণনা করা হয়।

**যোগ্যতা সুনিশ্চিত করার জন্য অ্যাপয়েন্টমেন্ট:** আবেদনের চূড়ান্ত সময়সীমার পরে সব আবেদনগুলিকে একটি এলোপাথাড়ি ক্রমে রাখা হয়। তালিকার ওপর থেকে শুরু করে, আবেদনগুলিকে পর্যালোচনা করা হয় এবং সেগুলি যদি যোগ্য বলে মনে হয়, তাহলে বাছাই প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য আবেদনকারীকে একটি অ্যাপয়েন্টমেন্টে ডাকা হয়। আপনাকে যদি একটি অ্যাপয়েন্টমেন্টে ডাকা হয়, তাহলে আপনাকে সেই সব কাগজপত্র নিয়ে আসতে হবে যা আপনার আয়ের প্রমাণ দেয়।

**সম্পত্তি:** সম্পত্তি হল মূল্যবান সামগ্রী যেগুলিকে নগদ অর্থে পরিণত করা যায়। সেভিংস অ্যাকাউন্ট একটি নগদ সম্পত্তি। ব্যাংক সম্পত্তিরটির ওপরে সুদ দেয়। সুদ হল সেই সম্পত্তি থেকে আয়। অন্য উদাহরণ: স্টক, বন্ড, মিউচুয়াল ফান্ড, মানি মার্কেট অ্যাকাউন্ট। আরো তথ্যের জন্য নিচে ***সম্পত্তি থেকে সুদ*** দেখুন।

**যোগ্য/যোগ্যতা:** সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য যোগ্য হতে হলে আপনার আয় অবশ্যই নির্দিষ্ট সীমার মধ্যে থাকতে হবে এবং আবেদনের অন্যান্য প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে। অন্যান্য প্রয়োজনীয়তাগুলির মধ্যে অন্তর্ভুক্ত হল আপনার আয় প্রমাণ করার জন্য নথিপত্র দেওয়া এবং দেনা ও প্রেক্ষাপটের একটি যাচাইয়ে পাস করা। আপনি এবং আপনি যে মানুষদের সঙ্গে বাস করেন তারা যদি সবগুলি প্রয়োজনীয়তা পূরণ করেন, তাহলে আপনারা যোগ্য।

**উপহার থেকে আয়:** আপনার সঙ্গে বাস করেন না এমন কারো থেকে আপনি নিয়মিত ভিত্তিতে যে আয় পান। উদাহরণ স্বরূপ: আপনার মা-বাবা প্রতি মাসে আপনার ইউটিলিটিজ-এর অর্থ পরিশোধ করেন, অথবা কোনো বন্ধু বা আত্মীয় নিয়মিত ভিত্তিতে মুদিখানার জিনিসপত্র ও অন্যান্য খরচের ব্যাপারে সাহায্য করার জন্য আপনাকে একটা চেক পাঠান। উপহার থেকে আয় নগদ অর্থে হতে পারে, কিন্তু তা আবশ্যক নয়।

**মোট আয়:** আপনার মোট বার্ষিক (বাৎসরিক) উপার্জন, পারিশ্রমিক, অর্থপ্রদান অথবা চাকরি ও অন্যান্য উৎস থেকে আপনার পাওয়া অন্য অর্থ, কোনো কর কেটে নেওয়ার আগে। আপনি যে অর্থ বাড়ি নিয়ে যান তার চেয়ে এটা সাধারণত বেশি হয়। বেশির ভাগ মানুষ তাদের আবেদনে মোট আয় উল্লেখ করবেন। স্বনিযুক্ত মানুষরা তার পরিবর্তে স্বনিযুক্তি থেকে নীট আয় রিপোর্ট করেন।

**আয়:** উপার্জন, পারিশ্রমিক, অর্থপ্রদান বা অন্যান্য অর্থ যা আপনি পান।

**কর্মসংস্থান থেকে আয়: কোনো নিয়োগকর্তার জন্য (নিজের জন্য নয়)** আপনি যে কাজ করেন তার থেকে আয়। কর্মসংস্থান থেকে আয় রিপোর্ট করার জন্য মোট আয় ব্যবহার করা হয়।

**অন্যান্য উৎস থেকে আয়:** আপনি নিয়মিত ভিত্তিতে যে আয় করেন, যা কোনো চাকরি থেকে আসে না। উদাহরণস্বরূপ, সোশ্যাল সিকিউরিটি বা ভেটেরান্স বেনিফিট, সরকারী সহায়তা বা চাইল্ড সাপোর্ট।

**স্বনিযুক্তি থেকে আয়:** নিজের জন্য কাজ করা, ব্যবসার মালিকানা বা পরিষেবা প্রদান করার থেকে আপনি যে আয় করেন। এর অন্তর্ভুক্ত হল ফ্রিল্যান্সিং, স্বাধীন ঠিকাদারি, এবং অন্যান্য অস্থায়ী নিয়োগের কাজ। আবেদনে স্বনিযুক্তি থেকে আয়ের জন্য নীট আয় ব্যবহার করা হয়। আপনার নীট আয় যদি এক বছরে $400 বা তার বেশি হয়, তাহলে আপনাকে আপনার আবেদনে সেই আয় অবশ্যই জানাতে হবে। *দ্রষ্টব্য: আপনার ব্যবসা যদি একটি এস-কর্পোরেশন হয়, তাহলে মোট W-2 উপার্জিত পারিশ্রমিকের অতিরিক্ত শিডিউল K-1 এ রিপোর্ট করা মোট ব্যবসায়িক আয়ও ব্যবহার করা হয়।*

**স্বাধীন ঠিকাদার:** এমন একজন মানুষ বা ব্যবসা প্রতিষ্ঠান, যাকে অন্যরা প্রয়োজন হলে একটি নির্দিষ্ট ধরনের কাজে নিয়োগ করেন। সাধারণত ঠিকাদার এবং যে ব্যক্তি তাকে নিয়োগ করছেন তাদের মধ্যে একটা চুক্তি বা কন্ট্র্যাক্ট থাকে।

**সম্পত্তি থেকে সুদ:** আপনি যদি যোগ্যতা সুনিশ্চিত করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টে যান, তাহলে নির্মাতা বা মার্কেটিং এজেন্ট ব্যাংক অ্যাকাউন্ট ও অন্যান্য লগ্নির মত সম্পত্তিগুলি থেকে আপনার সুদের আয় হিসাব করবেন। যদি আপনার সব সম্পত্তির পরিমাণ $5,000 এর কম মূল্যের হয়, তাহলে সেগুলি থেকে উপার্জিত আয়কে আপনার আয়ে যোগ করা হয়। যদি আপনার সব সম্পত্তির পরিমাণ $5,000 এর বেশি মূল্যের হয়, তাহলে সেখান থেকে উপার্জিত সুদ অথবা সেগুলির মূল্যের 0.06% এর মধ্যে যেটি অধিকতর সেটি আপনার আয়ে যোগ করা হয়।

**নীট আয়:** কর, খরচ ও অন্যান্য কেটে নেওয়া অর্থ বিয়োগ করার পরে প্রাপ্ত আয়ের পরিমাণ। স্বনিযুক্তি থেকে নীট আয় হিসাব করার জন্য নীট আয় ব্যবহার করা হয়।

**মাঝেমধ্যে বা ঘটনাপর্বে আয়:** পুনরাবৃত্তি হয় এমন আয় যা ধারাবাহিকভাবে বা প্রত্যাশিত সময়ের ব্যবধানে প্রদান করা হয় না। অস্থায়ী চাকরি, মরসুমি কাজ বা অভিনয়ের কাজগুলি মাঝেমধ্যে বা ঘটনাপর্বে অর্থপ্রদান করা হয় এমন পুনরাবৃত্ত কাজের উদাহরণ হতে পারে।

**এককালীন অর্থপ্রদান:** অতীতে নিয়মিত ভিত্তিতে পাওয়া যায় নি এমন আয় এবং যা আপনি ভবিষ্যতে আবার পাওয়ার আশা করেন না। আয়ের গণনায় এই অর্থকে অন্তর্ভুক্ত করা হয় না।

**নিয়মিত ভিত্তি/নিয়মিতভাবে:** আপনি যদি নিয়মিত ভিত্তিতে, বা "নিয়মিতভাবে" কোনো উৎস থেকে আয় করেন, তাহলে তার অর্থ হল আপনাকে একটি ধারাবাহিক বা প্রত্যাশিত সময়ের ব্যবধানে অর্থপ্রদান করা হয়। প্রতিদিন, প্রতি সপ্তাহে, প্রতি 2 সপ্তাহ অন্তর, মাসে দু'বার, মাসে একবার, প্রতি তিন মাসে একবার, বা প্রতি বছর প্রদান করা আয় হল নিয়মিত ভিত্তিতে প্রদান করা আয়ের উদাহরণ।

**শিক্ষার্থী:** ক্যালেন্ডার বর্ষের 5 মাসের জন্য পূর্ণ সময়ের শিক্ষার্থীর মর্যাদাপ্রাপ্ত একজন ব্যক্তি (সেই ব্যক্তির স্কুলের মত অনুযায়ী)। পরপর 5 মাস হতে হবে না। একজন পূর্ণ সময়ের নির্ভরশীল শিক্ষার্থীর আয় থেকে মাত্র $480-কে আয়ের গণনায় অন্তর্ভুক্ত করা হয়।

NYC Housing Connect

www.nyc.gov/housingconnect

Find and Apply for Affordable Housing

NYC Department of Housing Preservation & Development

NYC HDC

facebook.com/NYCHPD

@nychousing

www.nyc.gov/housingconnect
www.nyc.gov/hpd

আরো তথ্য পেতে অথবা অনলাইনে আবেদন করতে www.nyc.gov/housingconnect দেখুন।

এই নথিটি কেবলমাত্র তথ্যের উদ্দেশ্যে। এটি সামর্থ্যের মধ্যে আবাসনের আবেদন নয়। এই নথি পূরণ করলেই যে আপনি সামর্থ্যের মধ্যে কোনো আবাসন পাবেন তার কোনো নিশ্চয়তা নেই।